

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
ক্রয় ও সংগ্রহ অধিশাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৬৫.০৩২.০৬.০০.০০৩.২০১৭- ২৫২

তারিখঃ ১১-১০-২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ অল্টারনেটিভ মেডিকেল কেয়ার (এএমসি) ওপি'র ২০১৭-২০১৮ অর্থবছরে জিওবি (উন্নয়ন) খাতের প্রকিউরমেন্ট প্লান (সার্ভিস) এর প্রশাসনিক অনুমোদন।

সূত্রঃ স্বাস্থ্য অধিদপ্তরের পত্র নং-স্বাঃঅধিঃ/এএমসি/প্রকিউরমেন্ট/২০১৭-২০১৮/৩৭৫৬, তাং-১৮-০৯-২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের প্রেক্ষিতে লাইন ডাইরেক্টর, অল্টারনেটিভ মেডিকেল কেয়ার (এএমসি) এর প্রস্তাব মোতাবেক উক্ত ওপি'র ২০১৭-২০১৮ অর্থবছরে জিওবি (উন্নয়ন) খাতের ৬টি প্যাকেজের বিপরীতে ১৬০.০০ (এক কোটি ষাট লক্ষ) লক্ষ টাকা প্রাক্কলিত মূল্যের প্রকিউরমেন্ট প্লান (সার্ভিস)-এ নিম্নবর্ণিত শর্তে প্রশাসনিক অনুমোদনে মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন করা হলোঃ

শর্তঃ

- (ক) এ অর্থ ব্যয়ে পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ এর বিধান এবং আর্থিক ক্ষমতা অর্পন, ২০১৫ এর বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (খ) গুনগত মান ও ব্যয়ভিত্তিক নির্বাচন পদ্ধতিতে [Quality and Cost Based Selection (QCBS)] ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করতে হবে;
- (গ) বর্ণিত প্যাকেজের চুক্তি মূল্য অনুমোদিত ওপিতে সংস্থানকৃত মূল্যের মধ্যে থাকতে হবে এবং বাজার দরের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে;
- (ঘ) বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান থাকতে হবে;
- (ঙ) ক্রয় পরিকল্পনা বাস্তবায়নকালে প্রযোজ্য সকল আর্থিক বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।

(হাসান মাহমুদ)

উপসচিব

ফোনঃ ৯৫৪০৬৪৫

লাইন ডাইরেক্টর

অল্টারনেটিভ মেডিকেল কেয়ার (এএমসি)

স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

অনুলিপিঃ

- ১। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব(উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
ক্রয় ও সংগ্রহ অধিশাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং- ৪৫.১৬৫.০৩২.০৪.০০.০০১.২০১৫-২৫৬

তারিখঃ ১৬-১০-২০১৭ খ্রিঃ।


বিষয়ঃ প্রকিউরমেন্ট, স্টোরেজ এন্ড সাপ্লাইজ ম্যানেজমেন্ট-হেলথ সার্ভিসেস, ওপি'র ২০১৭-২০১৮ অর্থবছরে আরপিএ (জিওবি) খাতের স্থানীয় প্রশিক্ষণ প্ল্যান ও বৈদেশিক প্রশিক্ষণ প্ল্যান-এ প্রশাসনিক অনুমোদন।

সূত্রঃ স্মারক নং-সিএমএসডি/প্রক-৬১/এমডি/৪র্থ এইচএনএসপি/২০১৭-২০১৮/৭১৫৫, তাং ০৪-১০-২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে লাইন ডাইরেক্টর প্রকিউরমেন্ট, স্টোরেজ এন্ড সাপ্লাইজ ম্যানেজমেন্ট-হেলথ সার্ভিসেস এর প্রস্তাব মোতাবেক উক্ত ওপি'র ২০১৭-২০১৮ অর্থবছরে আরপিএ (জিওবি) খাতের ৫টি প্যাকেজের বিপরীতে ২০.০০ (বিশ লক্ষ) লক্ষ টাকা প্রাক্কলিত মূল্যের স্থানীয় প্রশিক্ষণ প্ল্যান এবং ৩টি প্যাকেজের বিপরীতে ৫০.০০ (পঞ্চাশ লক্ষ) লক্ষ টাকা প্রাক্কলিত মূল্যের বৈদেশিক প্রশিক্ষণ প্ল্যান-এ নিম্নবর্ণিত শর্তে প্রশাসনিক অনুমোদনে মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন করা হলোঃ

শর্তঃ

- (ক) এ অর্থ ব্যয়ে পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮, আর্থিক ক্ষমতা অর্পন, ২০১৫ এর বিদ্যমান বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (খ) বর্ণিত প্যাকেজসমূহের প্রশিক্ষণ যথাযথভাবে সম্পন্ন হওয়ার বিষয়টি লাইন ডাইরেক্টর কর্তৃক নিশ্চিত করা;
- (গ) স্থানীয় প্রশিক্ষণের ক্ষেত্রে Institution Based Training প্রদানের ব্যবস্থা নেয়া। এ ক্ষেত্রে নিপোর্ট, নিপসমকে অগ্রাধিকার দিয়ে অন্যান্য প্রশিক্ষণ প্রতিষ্ঠানের সাথে প্রয়োজনীয় যোগাযোগ/সমন্বয় করতে হবে;
- (ঘ) Clinical Training সমূহ পরিচালনার ক্ষেত্রে Bangladesh College of Physicians and Surgeons (BCPS)-কে অগ্রাধিকার প্রদান করতে হবে;
- (ঙ) বৈদেশিক প্রশিক্ষণের ক্ষেত্রে লাইন ডাইরেক্টর সরাসরি প্রশিক্ষণ ইনস্টিটিউটের সাথে যোগাযোগপূর্বক প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করবে; এক্ষেত্রে কোন এজেন্ট-এর সহযোগিতা গ্রহণ করা যাবে না;
- (চ) বর্ণিত প্যাকেজসমূহের চুক্তিমূল্য ওপিতে অনুমোদিত প্রাক্কলিত মূল্যের মধ্যে থাকতে হবে;
- (ছ) প্রশিক্ষণ ইনস্টিটিউটের সাথে যোগাযোগ সংক্রান্ত ডকুমেন্টস-এর অনুলিপি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে;
- (জ) প্রশিক্ষণ গ্রহণকারী কর্মকর্তা/কর্মচারিগণের ডাটাবেজ তৈরি করা।
- (ঝ) বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান থাকতে হবে;
- (ঞ) ক্রয় পরিকল্পনা বাস্তবায়নকালে প্রয়োজ্য সকল আর্থিক বিধি বিধান অনুসরণ করতে হবে।



(হাসান মাহমুদ)

উপসচিব

ফোনঃ ৯৫৪০৬৪৫

পরিচালক  
সিএমএসডি  
ও লাইন ডাইরেক্টর  
পিএসএসএম-এইচএস  
তেজগাঁও, ঢাকা।

অনুলিপিঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।